



## COVID-19 পরীক্ষা ও চিকিৎসা

আপনার যদি কোনো ভিসা নাও থাকে বা আপনি যদি আপনার ভিসার অবস্থা সম্পর্কে নিশ্চিত নাও হোন, তবুও আপনাকে অবশ্যই গণ স্বাস্থ্যের নির্দেশনা অনুসরণ করতে হবে। আপনি যদি অসুস্থ বোধ করেন, তবে চিকিৎসা সেবা নিন এবং COVID-19-এর পরীক্ষা করান।

স্টেট ও টেরিটরি সরকারগুলো বিনামূল্যে COVID-19-এর পরীক্ষা ও চিকিৎসা করাচ্ছে।

- [অস্ট্রেলিয়ান ক্যাপিটাল টেরিটরি](#)
- [নিউ সাউথ ওয়েলস](#)
- [নর্দার্ন টেরিটরি](#)
- [কুইন্সল্যান্ড](#)
- [সাউথ অস্ট্রেলিয়া](#)
- [তাসমানিয়া](#)
- [ভিক্টোরিয়া](#)
- [ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া](#)

## COVID-19 টিকাদান

কমিউনিটিতে বসবাসকারী সকল অস্ট্রেলিয়ান ভিসাধারী সহ অস্ট্রেলিয়ার সকলের জন্য COVID-19 টিকা পাওয়া যাচ্ছে।

এদের মধ্যে রয়েছে:

- সকল স্থায়ী ও অস্থায়ী ভিসাধারী
- শরণার্থী
- আশ্রয়প্রার্থী
- টেম্পোরারি প্রোটেকশন ভিসাধারী এবং
- ব্রিজিং ভিসাধারী।

আটকাবস্থায় থাকা লোকজনও টিকা পাওয়ার যোগ্য।

COVID-19 টিকাদান কর্মসূচী সম্বন্ধে আরও তথ্য পেতে, [স্বাস্থ্য দপ্তরের ওয়েবসাইট](#) দেখুন।